দৈনিক খবর

তারিখ ... 18 MAY 1988 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 5 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# সরকার বিজ্ঞান ও প্রযুক্তির সফল প্রয়োগে বিশ্বাস করে

—শিক্ষামন্ত্রী

শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী শেখ শহীদুল ইসলাম বাংলাদেশে শিল্পায়নের গতি দ্রুততর করার লক্ষ্যে উন্নত প্রযুক্তি পরিকল্পনার উপর গুরুত্বারোপ করে বলেছেন, রাষ্ট্রপতি এরশাদের বলিষ্ঠ নেতৃত্বে পরিচালিত বর্তমান সরকার শিল্পায়নের গতিকে ত্বরান্বিত ও যুগোপযোগী করার স্বার্থে বিজ্ঞান ও প্রযুক্তির সফল প্রয়োগে বিশ্বাস করে। মন্ত্রী গতকাল বুধবার আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশে শিল্পোন্নয়নের জন্য প্রযুক্তি পরিকল্পনা ফোরামের ৪র্থ দিনে "প্রযুক্তি ভিত্তিক উন্নয়নের জন্য পদ্ধতি"-এর উপর এক ওয়ার্কশপে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষামন্ত্রী বলেন, বাংলাদেশ জাতীয় উন্নয়ন পরিকল্পনার সংগে বিজ্ঞান ও প্রযুক্তিকে সমন্বিত করার উদ্যোগ গ্রহণ করেছে এবং প্রযুক্তি ভিত্তিক উন্নয়নের জন্য বিজ্ঞান ও প্রযুক্তিনীতি প্রণয়ন করেছে। মন্ত্রী প্রযুক্তি হস্তান্তরের ক্ষেত্রে পাঁচ দফা সুপারিশের কথা উল্লেখ করেন। এসব সুপারিশের মধ্যে রয়েছে, আমাদের দেশের প্রযুক্তিগত চাহিদা ও ক্ষমতা নিরুপণ করা, দেশের আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনার সাথে সংগতি রেখে মধ্য মেয়াদী প্রযুক্তি পরিকল্পনা প্রণয়ন, নিয়মিত প্রযুক্তি তফসিল প্রকাশ, দেশের উন্নয়ন কর্মকান্ডে লাগসই প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রযুক্তির সুষ্ঠু উন্নয়ন ও প্রয়োগের স্বার্থে উপযুক্ত আইনগত ও আর্থিক ব্যবস্থা গ্রহণ।

তিনি বলেন, বর্তমান সরকার এই সুপারিশমালা বাস্তবায়নের জন্য ইতিমধ্যেই বিভিন্ন মন্ত্রণালয়ের সচিবদের নেতৃত্বে কমিটি গঠন করেছে।

মন্ত্রী বলেন, আমাদেরকে আগামী একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা করতে হবে এবং সেজন্য বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে উন্নয়নের স্বার্থে এই মুহূর্ত থেকেই প্রয়োজনীয় তৎপরতা গ্রহণ করতেহবে।

বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব জনাব আহমেদ ফরিদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই ওয়ার্কশপে জাপানের আন্তর্জাতিক শিল্প ও উন্নয়ন সংস্থার মহাপরিচালক ডঃ মোস্তাফিজুর রহমানের লেখা "প্রযুক্তি ভিত্তিক জাতি হিসেবে জাপান" শীর্ষক একটি প্রবন্ধ পাঠ করেন ডঃ ইকবাল মাহমুদ এবং বক্তব্য রাখেন এসকাপের প্রযুক্তি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ ডঃ কে রামানাথন।